গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা
www.atpara.netrokona.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৭২০৪.০০০.১৪.০৩৮.২৫-৫৮৩

তারিখ: ২৭ মে ২০২৫।

**তেলিগাতী বাজার ইজারা/খাস কালেকশন বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৭ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত উপজেলা রাজস্ব সম্মেলন, উপজেলা আইন-শৃংখলা কমিটি এবং হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক আটপাড়া উপজেলাধীন তেলিগাতী ইউনিয়নে অবস্থিত তেলিগাতী বাজারটি ১৪৩২ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য (১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইজারা (খাস আদায়) প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে আগামী ২৯ মে ২০২৫ তারিখ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে সকাল ১১.০০ ঘটিকা থেকে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সময়ে দরপত্র বাক্সে দর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বাজারের তথ্যাদি

| ইউনিয়ন | বাজারের নাম | কাঙ্ক্ষিত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| তেলিগাতী | তেলিগাতী বাজার | ৭২,১০,৯৭৯/- | |

**শর্তাবলি :-**

১. নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে ইজারায় (খাস আদায়) অংশগ্রহণ করতে হবে।
২. **২৯ মে ২০২৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকা থেকে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সময়ে** সাদা কাগজে ইজারামূল্য উল্লেখপূর্বক (অংকের এবং কথায়), দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক (জাতীয় পরিচয় পত্র সংযুক্ত করতে হবে) মুখবন্ধ খামে দরপত্র বাক্সে জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্র বেলা ১২.১৫ ঘটিকায় উপস্থিত সকলের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) উন্মুক্ত করা হবে।
৩. দাখিলকৃত দর গৃহীত হলে ইজারা মূল্যের সাকুল্য অর্থসহ ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% উৎসে কর কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত মর্মে গণ্য হবে।
৪. ইজারা গ্রহীতা হাট-বাজার কোন অবস্থাতেই সাব-লিজ দিতে পারবেন না। অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হলে নিলাম ডাকের ইজারা বাতিল করা হবে এবং ডাকের জমাকৃত সকল অর্থ বাজেয়াপ্ত করা হবে।
৫. ইজারা গ্রহীতাকে সরকার কর্তৃক নির্ধারিত হারে রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।
৬. কোন অবস্থাতেই জনসাধারণের চলাচলে ব্যবহৃত সড়ক বা মহাসড়কের সন্নিকটে হাট বসানো যাবে না।
৭. বাজারের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে এবং বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। আইন-শৃঙ্খলা অবনতি হওয়ার আশঙ্কা দেখা দিলে তাৎক্ষণিক আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে।
৮. হাটের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে এবং হাটকে কেন্দ্র করে স্থানীয়ভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে ইজারাদারকে দায়-দায়িত্ব বহন করতে হবে।
৯. সরকারি যে কোন নির্দেশ/আদেশ ইজারাদার মানতে বাধ্য থাকবেন।
১০. হাট শেষে হাটের বর্জ্য অপসারণের জন্য ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১১. উপরিউক্ত শর্তাবলি লঙ্ঘন করলে বা পরিপালনে ব্যর্থ হলে হাট বন্ধকরণসহ সংশ্লিষ্ট ইজারাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. উপরিউক্ত শর্তাবলি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন মর্মে ইজারাদারকে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।
১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃক উক্ত ইজারা কার্যক্রম (খাস আদায়) বন্ধ করে দেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/৫/২৫

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
মোবাইল: ০১৭৫৫ ৬৭২১৪১
ইমেইল: unoatpara@mopa.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. পুলিশ সুপার, নেত্রকোণা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
৭. সহকারী কমিশনার (ভূমি), আটপাড়া, নেত্রকোণা।
৮. অফিসার ইনচার্জ, আটপাড়া থানা, আটপাড়া, নেত্রকোণা। তাকে ইজারা ডাকের সময় নিরাপত্তার স্বার্থের প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
৯. প্রশাসক (সকল).....................................ইউপি, আটপাড়া, নেত্রকোণা।
১০. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/কৃষি ব্যাংক/পূবালী ব্যাংক, আটপাড়া।
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .........................ইউনিয়ন ভূমি অফিস, আটপাড়া। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরত ও মাইকের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণসহ নির্ধারিত তারিখে ইজারা ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
১২. অফিস কপি/অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

২৭/৫/২৫

উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।